**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 01-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ বিশালগড়ে আর্টিফিসিয়াল লিম্বস ম্যানুফ্যাকচারিং কর্পোরেশন অফ ইন্ডিয়ার অক্সিলিয়ারি প্রোডাকশন সেন্টারের ভূমিপুজন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।**

**(২) অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় সমস্ত মহিলাদের স্ব-সহায়ক দলে যুক্ত হবার আহ্বান জানিয়েছেন।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে বিশ্ব একবিংশ শতাব্দীর ভারতের দিকে অধীর আগ্রহে তাকিয়ে আছে ।**

**(৪) যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আজ উদয়পুরে স্পোর্টস কমপ্লেক্স মাঠে উদয়পুর মহকুমা ভিত্তিক ক্রীড়া অন্বেষণ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।**

*************************************

**CM-Auxiliary Production Centre :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ বিশালগড়ের পূর্ব লক্ষীবিলে আর্টিফিসিয়াল লিম্বস ম্যানুফ্যাকচারিং কর্পোরেশন অফ ইন্ডিয়া, ALIMCO-র অক্সিলিয়ারি প্রোডাকশন সেন্টার বা সহায়ক উৎপাদন কেন্দ্রের ভূমিপুজন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, "প্রতিবন্ধী ব্যক্তি এবং প্রবীণ নাগরিকদের ক্ষমতায়নের জন্য ত্রিপুরায় এলিমকোর এই সহায়ক উৎপাদন কেন্দ্র স্থাপনের উদ্যোগ রাজ্যের জন্য একটি মাইলফলক। এই উদ্যোগটি কেবল সহায়ক সরঞ্জামগুলির দ্রুত সরবরাহই নিশ্চিত করবে না, পাশাপাশি নতুন কর্মসংস্থানের সুযোগও তৈরি করবে। তিনি বলেন,

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দিক নির্দেশনায় উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলি আজ উন্নয়নের শিখরে পৌঁছে যাচ্ছে। একের পর এক নতুন প্রকল্প পেয়ে এই অঞ্চলের রাজ্যগুলি উপকৃত হচ্ছে।

#########Byte-CM########

অনুষ্ঠানে, কেন্দ্রীয় সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী বি এল ভার্মা বলেছেন," প্রধানমন্ত্রীর নেতৃত্বে ভারত সরকার, দিব্যাঙ্গদের জন্য সহজলভ্যতা এবং অন্তর্ভুক্তি বাড়াতে অঙ্গীকারবদ্ধ। ত্রিপুরায় এলিমকো-র সহায়ক উৎপাদন কেন্দ্রটি মডেল কেন্দ্র হিসাবে প্রতিষ্ঠিত হবে। উত্তর-পূর্বাঞ্চলের সুবিধাভোগীদের কাছে সহায়ক যন্ত্রপাতি পৌঁছানোর বিষয়টি নিশ্চিত করার ক্ষেত্রেও এটি একটি অন্যতম পদক্ষেপ।'

########Byte-B L Verma######

অনুষ্ঠানে যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায় বলেন, রাজ্য সরকার দিব্যাঙ্গদের খেলাধুলা, পড়াশুনা সহ নানা ক্ষেত্রে সহায়তা করে যাচ্ছে। রাজ্যের ৮টি জেলাতেই দিব্যাঙ্গদের ভাতা সহ নানা বৃত্তি প্রদান করা হচ্ছে। অনুষ্ঠানে পৌরহিত্য করেন সাংসদ বিপ্লব কুমার দেব।

তিনি বলেন, দিব্যাঙ্গরা যাতে তাদের প্রতিভার বিকাশ ঘটাতে পারেন সেই লক্ষ্যে কেন্দ্রীয় সরকার কাজ করে চলেছে। অনুষ্ঠানে স্বাগত ভাষন দেন এএলআইএমসিও'র সিএমডি প্রবীন কুমার। উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক সুশান্ত দেব, কেন্দ্রীয় সরকারের সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের উপসচিব এ কে পান্ডে। অনুষ্ঠানে ৩৯ জন দিব্যাঙ্গের হাতে নানা সহায়ক সামগ্রী তুলে দেয়া হয়।

*************************

**Finance Minister :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় সমস্ত মহিলাদের স্ব-সহায়ক দলে যুক্ত হবার আহ্বান জানিয়েছেন। আজ আগরতলা টাউনহলে স্বসহায়ক দলের মহিলাদের সশক্তিকরণের লক্ষ্যে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের এগ্রি আউটরিচ অনুষ্ঠানের

উদ্বোধন করে তিনি এই আহ্বান জানান। তিনি বলেন, মহিলাদের স্বরোজগারীর ও সশক্তিকরণ ছাড়া দেশের সামগ্রিক উন্নয়ন সম্ভব নয়। এলক্ষ্যে প্রধানমন্ত্রী মহিলাদের সশক্তিকরণে গুরুত্বারোপ করেছেন বলে তিনি উল্লেখ করেন। রাজ্যে স্বসহায়ক দলের কর্মকান্ড আজ আন্দোলনে পরিণত হয়েছে। কেন্দ্রীয় সরকারের খাদ্য প্রক্রিয়াকরণ, শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে প্রধানমন্ত্রী ফরমেশন অব মাইক্রো ফুড প্রসেসিং এন্টারপ্রাইজেস প্রকল্পে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক এই অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে ব্যাঙ্কের পক্ষ থেকে ৩৫টি মহিলা স্বসহায়ক দলকে ২ কোটি ৩০ লক্ষ টাকার চেক দেওয়া হয়। আজ দেশের ১৩৮টি স্থানে এরূপ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের এমডি এবং সিইও অশোক চন্দ্রা, আরবিআই-র জিএম সুরেন্দ্র নিদার এবং নাবার্ড এর জিএম অনিল এস কোটমেরে। স্বাগত বক্তব্য রাখেন পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের জোনাল ম্যানেজার চিত্তরঞ্জন পুস্ত।

******************************

**SDM Office-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলায় সদর মহকুমা শাসকের নতুন বহুতল ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন করেন। তিনি বলেন, একই ছাদের তলায় সব প্রশাসনিক সুবিধা প্রদানের লক্ষ্যে আগরতলার গুর্খাবস্তিতে ১৪তলা বিশিষ্ট অফিস বাড়ি নির্মানের কাজ শুরু হয়েছে। সদর মহকুমা শাসকের নতুন ভবন নির্মানে ১৭ কোটি টাকারও বেশি ব্যয় হবে। আগামী দুই বছরের মধ্যে নির্মাণ কাজ শেষ হবে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন রাজস্ব সচিব বৃজেশ পান্ডে, পশ্চিম জেলার জেলা শাসক ডাঃ বিশাল কুমার, অতিরিক্ত জেলা শাসক সজল বিশ্বাস।

*************************

**Skil & Enterprenruship Center :**

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা বলেছেন কেন্দ্র ও রাজ্য সরকার মহিলাদের আত্মনির্ভর করার লক্ষ্যে নানা উদ্যোগ গ্রহণ করেছে। আজ আগরতলার ইন্দ্রনগরে মহিলা আই.টি.আই-এ স্কিল অ্যান্ড এন্টারপ্রেনারশিপ সেন্টারের উদ্বোধন করে একথা বলেন। অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য দপ্তরের অধিকর্তা বিশ্বেশ্বর বি এই সেন্টারে কি কি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে তা বিস্তারিত উল্লেখ করেন।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে বিশ্ব একবিংশ শতাব্দীর ভারতের দিকে অধীর আগ্রহে তাকিয়ে আছে। আজ নতুনদিল্লির ভারত মণ্ডপমে NXT কনক্লেভ ২০২৫-এ ভাষণ দিতে গিয়ে শ্রী মোদী বলেন যে, বিশ্বজুড়ে মানুষ এই দেশটিকে জানতে ভারতে আসতে চায়। তিনি বলেন, প্রয়াগরাজে সমাপ্ত ঐক্যের সঙ্গমস্থল মহাকুম্ভ সমগ্র বিশ্বকে অবাক করে দিয়েছে যে কীভাবে কোটি কোটি মানুষ নদীর তীরে অবস্থিত একটি অস্থায়ী শহরে পবিত্র স্নান

করেন। প্রধানমন্ত্রী বলেন যে তিনি জাতির সামনে 'ভোকাল ফর লোকাল' এবং 'লোকাল ফর গ্লোবাল'-এর দৃষ্টিভঙ্গি তুলে ধরেছিলেন এবং আজ এই দৃষ্টিভঙ্গি বাস্তবে পরিণত হচ্ছে। তিনি বলেন, এখন আয়ুষ পণ্য এবং যোগ স্থানীয় থেকে বিশ্বব্যাপী হয়ে উঠেছে। তিনি উল্লেখ করেন যে, দেশ আগে যেসব পণ্য আমদানি করত, এখন তা স্থানীয়ভাবে উৎপাদিত হচ্ছে এবং ভারত সেই পণ্যের রপ্তানি কেন্দ্র হিসেবে আবির্ভূত হচ্ছে। তিনি বলেন, একসময় স্থানীয় বাজারে সীমাবদ্ধ থাকা কৃষকরা এখন তাদের ফসল বিশ্ব বাজারে পৌঁছোতে দেখছেন।

########Byte-PM#######

প্রধানমন্ত্রী নির্ধারিত লক্ষ্য অর্জনের জন্য ন্যূনতম সরকার - সর্বাধিক শাসনের মন্ত্রকে কৃতিত্ব দেন। তিনি বলেন, ভারত অসীম উদ্ভাবনের ভূমিতে পরিণত হচ্ছে। জাতীয় শিক্ষা নীতি ২০২০ সম্পর্কে প্রধানমন্ত্রী বলেন যে, ভারতের যুবসমাজ আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার এবং জাতীয় শিক্ষা নীতি শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের বাইরে চিন্তা করার সুযোগ দিয়েছে।

*****************************

**PM Janaoushadhi :**

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা এবং এই দপ্তরের প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল আজ নতুন দিল্লিতে প্রধানমন্ত্রী ভারতীয় জনঔষধি পরিযোজনার রথ এবং আরও দশটি যানবাহনের সূচনা করেছেন। আজ থেকে ৭ মার্চ পর্যন্ত জনঔষধি জন চেতনা সপ্তাহের আয়োজন করা হয়েছে। এই মাসের ৭ তারিখে জনঔষধি দিবস পালিত হবে। অনুষ্ঠানে শ্রী নাড্ডা সকলকে প্রধানমন্ত্রী ভারতীয় জনঔষধি পরিযোজনাকে একটি জনআন্দোলন হিসেবে গড়ে তোলার আহ্বান জানান। মন্ত্রী জনগণকে তাদের আত্মীয়স্বজন এবং বন্ধুবান্ধবদের সঙ্গে এটি নিয়ে আলোচনা করার আহ্বান জানান যাতে তারাও এর সুবিধা পেতে পারেন। তিনি বলেন, কম দামে মানুষকে ওষুধ সরবরাহ করা সরকারের দায়িত্ব এবং সরকার তার দায়িত্ব পালন করেছে।

শ্রীমতি প্যাটেল বলেন, ২০১৪ সালের আগে দেশে জনঔষধি কেন্দ্র ছিল মাত্র ৮০টি, এখন দেশের বিভিন্ন স্থানে ১৫ হাজারেরও বেশি কেন্দ্র রয়েছে। মন্ত্রী বলেন, জনঔষধি কেন্দ্রগুলিতে পাওয়া যায় এমন সাশ্রয়ী মূল্যের ওষুধ সম্পর্কে আরও বেশি সংখ্যক মানুষের জানা উচিত এবং এর সুবিধা নেওয়া উচিত। তিনি বলেন, মানসম্পন্ন স্বাস্থ্যসেবা সরকারের অগ্রাধিকার এবং জনঔষধি এই লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

*****************************

**SUCI Deputation :**

এস.ইউ.সি.আই দলের পক্ষ থেকে এক প্রতিনিধি দল আজ আগরতলায় পুর নিগমের মেয়র দীপক মজুমদারের সঙ্গে সাক্ষাৎ করে একটি স্মারকলিপি প্রদান করেন। সম্প্রতি লেইক চৌমুহনী বাজার এলাকা থেকে যে সমস্ত ব্যবসায়ীদের উচ্ছেদ করা হয়েছে তাদের ক্ষতিপূরণ ও অবিলম্বে বিকল্প পুনর্বাসনের জন্য স্মারকলিপিতে দাবি জানানো হয়।

******************************

**Talent Search Sports :**

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আজ উদয়পুরে স্পোর্টস কমপ্লেক্স মাঠে উদয়পুর মহকুমা ভিত্তিক ক্রীড়া অন্বেষণ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে মহকুমার চারটি ব্লক ও উদয়পুর পুর পরিষদের ৫২০ জন খেলোয়াড় অংশ নেয়। উদ্বোধন করেন গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়। আগামী ৫ই মার্চ গোমতি স্পোর্টস কমপ্লেক্স মাঠে অনুষ্ঠিত হবে গোমতি জেলাভিত্তিক ক্রীড়া অন্বেষণ প্রতিযোগিতা। এই আসরে তিন মহকুমা উদয়পুর, অমরপুর ও করবুক মহকুমা থেকে ১০৪ জন করে মোট ৪১৬ জন খেলোয়াড় অংশ গ্রহণ করবে।

**************************

**Super Division Cricket :**

টিসিএ পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতায় ব্লাডমাউথ ক্লাব চ্যাম্পিয়নের লক্ষ্যে এগিয়ে রয়েছে। আজ আসরের মোট তিনটি ম্যাচ হয়। এতে এম বি বি স্টেডিয়ামে ব্লাডমাউথ ক্লাব ৬ উইকেটে জয়নগর ক্রিকেট ক্লাবকে হারিয়ে দেয়। এছাড়া নরসিংগড়ের টিআইটি মাঠে সংহতি ক্লাব ৯ উইকেটে ইউনাইটেড ফ্রেন্ডসকে এবং মেলাঘরের মাঠে স্ফুলিঙ্গ ক্লাব ৬ উইকেটে হার্ভে ক্লাবকে পরাজিত করে। আসরে সবকটি ম্যাচে হেরে ইউনাইটেড ফ্রেন্ডসের অবনমন চূড়ান্ত হয়েছে।

**************************

**State-wise 13 Cricket :**

টিসিএ পরিচালিত রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার আজ শেষ রাউন্ডের ৬টি খেলা হয়। এতে উদয়পুরে অনুষ্ঠিত খেলায় সদর-এ দল ১০ উইকেটে গন্ডাতুইসাকে পরাজিত করে। তাছাড়া ধর্মনগরে অনুষ্ঠিত খেলায় কৈলাসহর ৫৫ রানে লংতরাইভ্যালীকে, সাব্রুমের মাঠে অমরপুর ৬২ রানে বিলোনীয়াকে, কৈলাসহরে-ধর্মনগর ১০ উইকেটে তেলিয়ামুড়াকে, বিলোনীয়ার মাঠে সোনামুড়া ৫ উইকেটে বিশালগড়কে এবং শান্তিরবাজারে অনুষ্ঠিত খেলায় উদয়পুর ২০৯ রানে সাব্রুমের পরাজিত করে।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ দশমিক দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস। রাজ্যের ঊনকোটি উত্তর এবং ধলাই জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ হালকা বৃষ্টিপাতের সর্তকতা জারি করা হয়েছে।

*******************************